

প্রথম গ্রানো

রোববার, ৬ অক্টোবর ২০১৯, ২১ আশ্বিন ১৪২৬

গাজীপুর

কর্মশালা

গাজীপুরে 'শাকসবজি, ফল ও পান ফসলের পোকামাকড় ও রোগবাহাই ব্যবস্থাপনায় জৈব বালাইনাশকভিত্তিক প্রযুক্তি উদ্ভাবন ও সম্প্রসারণ' শীর্ষক প্রকল্পের প্রারম্ভিক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউটে (বারি) কর্মশালায় সভাপতিত্ব করেন ইনস্টিটিউটের মহাপরিচালক আবুল কালাম আযাদ। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন কৃষি মন্ত্রণালয়ের সচিব মো. নাসিরুজ্জামান। অন্যান্যের মধ্যে বক্তব্য দেন পরিকল্পনা কমিশনের ফসল উইং যুগ্ম প্রধান তাশারফ হোসেন ফরাজি, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পরিচালক চণ্ডী দাস কুন্ডু, বারির পরিচালক (গবেষণা) মো. আবদুল ওহাব প্রমুখ। নাসিরুজ্জামান বলেছেন, দেশের কৃষিকে বাঁচাতে হলে ফসল উৎপাদনে কৃষকের নিরাপত্তা নিশ্চিত করতে হবে।

প্রতিনিধি, গাজীপুর

দৈনিক জনকণ্ঠ

ঢাকা ॥ রবিবার
২১ আশ্বিন ১৪২৬ বঙ্গাব্দ
৬ অক্টোবর ২০১৯ খ্রিস্টাব্দ

বাজার অর্থনীতিতে কৃষক সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে ॥ সচিব

স্টাফ রিপোর্টার, গাজীপুর ॥ কৃষি মন্ত্রণালয়ের সচিব মোঃ নাসিরুজ্জামান বলেন, দেশের কৃষিকে বাঁচাতে হলে ফসল উৎপাদনে কৃষকের নিরাপত্তা নিশ্চিত করতে হবে। একই সঙ্গে কৃষিতে জৈব বালাইনাশকের ব্যবহার বাড়তে হবে। রাসায়নিক বালাইনাশক ব্যবহার করতে গিয়ে কৃষক যে প্রতারণার শিকার হচ্ছে তা থেকে তাদের রক্ষা করতে হবে। ফসল উৎপাদন করতে গিয়ে যেন ক্ষতিগ্রস্ত না হয় সেই নিরাপত্তা কৃষককে দিতে হবে। কৃষিতে ভূত্বকি এবং ফসলের অধিক দাম প্রদানের মাধ্যমে কৃষককে এ নিরাপত্তা দেয়া সম্ভব। তা-না হলে আমরা আমাদের কৃষিকে টিকিয়ে রাখতে পারব না। তিনি আরও বলেন, দেশের বাজার অর্থনীতিতে আমাদের কৃষকরা সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্ত হচ্ছে।

বারি'র মহাপরিচালক ড. আবুল কালাম আজাদের সভাপতিত্বে সেমিনার কক্ষে অনুষ্ঠিত কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি সম্প্রসারণ অধিদফতরের পরিচালক (সরেজমিন উইং) চন্ডী দাস কুড়ু, বারি'র পরিচালক (গবেষণা) ড. মোঃ আব্দুল ওহাব, পরিকল্পনা কমিশনের যুগ্মপ্রধান মোহাম্মদ তাসারফ হোসেন ফরাজী।

